12

দৈনিক ইত্তেফাক

তারিখ 08 MAR 1995
পৃষ্ঠা ৪২ কলাম ৫

## ভুয়া নিবন্ধন বৈধকরণের দাবীতে—

যশোর অফিস ॥ ভুয়া নিবন্ধন বৈধকরণের দাবীতে গতকাল মঙ্গলবার যশোর শিক্ষা বোর্ডের অধীনে বিভিন্ন স্কুলের শতাধিক শিক্ষক বোর্ড অফিসে ধরনা দেন। তাহারা বোর্ডের সংশ্লিষ্ট শাখায় দীর্ঘক্ষণ অবস্থান নেন এবং নিবন্ধন বৈধকরণ করিতে না পারিলে এই বাবদ গৃহীত অর্থ ফেরত দেওয়ার দাবী জানান। উল্লেখ্য, চলতি

(২য় পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

### ভুয়া নিবন্ধন

(শেষ পৃঃ পর)

১৯৯৫ সালের বই ব্যাংক টিক চিহ্ন পদ্ধতির পরীক্ষায় অংশ গ্রহণের সুযোগ প্রদানের আশ্বাস দিয়া শিক্ষা বোর্ডের এক শ্রেণীর কর্মকর্তা-কর্মচারী কোন কোন শিক্ষকের মাধ্যমে প্রায় ৪০ হাজার ছাত্র-ছাত্রীর নিকট হইতে নিবন্ধন নম্বর দেওয়ার জন্য বিপুল অংকের অর্থ গ্রহণ করে। কিন্তু এই অর্থের বিনিময়ে প্রদত্ত নিবন্ধন-সমূহ ইতিমধ্যে ভুয়া প্রমাণিত হইয়াছে।